

সমকালী

চবিতে সাংবাদিকের ওপর হামলাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি চায় ডুজা

প্রকাশ: ২২ জুন ২৩ | ২০:৩৭ | আপডেট: ২২ জুন ২৩ | ২০:৩৮

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক



তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির (চবিসাস) সদস্য ও বীর মুক্তিযোদ্ধার সন্তান দোষ্ট মোহাম্মদের ওপর ছাত্রলীগের নেতাকর্মীদের বর্বরোচিত হামলার ঘটনায় দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিতের দাবি জানিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি (ডুজা)।

বৃহস্পতিবার ডুজার সভাপতি মামুন তুষার ও সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম রঞ্জেল এক ঘোষণা বিবৃতিতে এসব দাবি জানান।

এতে বলা হয়, সংবাদমাধ্যম সূত্রে তারা জেনেছেন, গত ১৯ জুন রাত আটটার দিকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) স্টেশনে একটি চায়ের দোকানে চেয়ারে বসাকে কেন্দ্র করে কথা কাটাকাটি হয়। এর জেরে চবিসামের সদস্য ও অনলাইন পোর্টাল ঢাকা স্টেটের বিশ্ববিদ্যালয় প্রতিনিধি দোষ্ট মোহাম্মদের ওপর হামলা করে শাখা ছাত্রলীগের আইনবিষয়ক সম্পাদক খালেদ মাসুদ ও উপ-দপ্তর সম্পাদক আরাফাত রায়হানসহ ১০-১২ জন ছাত্রলীগ কর্মী। এসময় সাংবাদিক পরিচয় দেওয়া সত্ত্বেও তাকে বেল্ট দিয়ে বেধড়ক পিটুনি, পেটে লাথি দেওয়াসহ এলোপাতাড়ি কিল-ঘৃষি মেরে আহত করে অভিযুক্তরা। বর্তমানে দোষ্ট মোহাম্মদ চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের চিকিৎসাধীন রয়েছেন।

বিবৃতিতে নেতারা বলেন, কাউকে শারিরীকভাবে আঘাত করা মানবাধিকারের চূড়ান্ত লজ্জন। তদুপরি একজন সাংবাদিককে আঘাত করা সমাজে বৃহত্তর ক্ষত তৈরি করে। এর ফলে আইনের শাসনের পথে প্রতিবন্ধকতা তৈরি করে। আমরা মনে করি, একজন সংবাদকর্মীকে শারিরীক বা মানসিক নির্যাতন দেশের সংবিধান প্রদত্ত ‘সংবাদপত্রের স্বাধীনতার পরিপন্থী’।

চবি প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করে তারা উল্লেখ করেন, ক্যাম্পাসে প্রায়ই সাংবাদিক হেনস্থা ও নির্যাতনের অভিযোগ উঠে। এক্ষেত্রে পূর্বের ঘটনাগুলোর দৃষ্টান্তমূলক বিচার হলে বর্তমান পরিস্থিতি তৈরি হতো না। অবিলম্বে সাংবাদিক নির্যাতনের সকল ঘটনায় দোষীদের চিহ্নিত করে সর্বোচ্চ শাস্তি কার্যকর করতে হবে এবং সংবাদকর্মীদের নিরাপত্তা নিশ্চিতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। অন্যথায় দেশের সকল ক্যাম্পাস সাংবাদিকদের নিয়ে বৃহত্তর আন্দোলনের হাঁশিয়ারি দেন ডুজা নেতারা।

ছাত্রলীগের উদ্দেশ্যে তারা বলেন, ক্যাম্পাসে সাংবাদিকদের নিরাপত্তা প্রদানে বারবার প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও এ ধরনের নির্যাতনের ঘটনা ছাত্রলীগের ‘চেইন অব কমান্ড’ নিয়ে প্রশং তুলতে বাধ্য করে। আমরা বিশ্বাস করতে চাই, সাংবাদিক দোষ্ট মোহাম্মদের ঘটনায় দোষীদের সাংগঠনিক শাস্তি প্রদানের মাধ্যমে নিজেদের সাংগঠনিক শৃঙ্খলা অক্ষুণ্ণ রাখবে সংগঠনটি।

© সমকাল ২০০৫ - ২০২৩

সম্পাদক : আলমগীর হোসেন | প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com